
# যীশু বর্‌তীময় এবং অন্যদের আরোগ্য করেছিলেন

## খ্রীষ্টিয়ানরা অসুস্থ লোকদের জন্য প্রার্থনা করেন।

যারা শিশুদের শিক্ষা দেন তাদের অবশ্যই অধ্যয়ণ H2b পাঠ করা উচিৎ।



**প্রার্থনা ঃ** স্বর্গীয় পিতা, আমাদের জন্য তোমার প্রেম কখন কমে না। আমার দলের বিশ্বাসী লোকেরা যখন অসুস্থ থাকে অথবা দুঃখভোগ করে তখন তাদেরকে তোমার ওপর আস্থা রাখতে সাহায্য কর।

**১. অসুস্থ এবং ক্লেশভোগকারীদের পরিচর্য্যার কাজে আপনার লোকদের পরিচালিত করার জন্য প্রস্তুত হন।**

যেখানে অসংখ্য লোকেরা খ্রীষ্টিয়ান বিশ্বাসী হচ্ছেন এবং নতুন মণ্ডলী স্থাপিত হচ্ছে, সেখানে সুসমাচার প্রসার এবং উপাসক মণ্ডলীগত জীবনের ক্ষেত্রে শারিরীক আরোগ্য একটি স্বাভাবিক বিষয়।

বিশ্বাসীরা যখন অসুস্থ হন বা ক্লেশ ভোগ করেন, তখন ঈশ্বরের সর্বদাই এর মধ্যে একটি উদ্দেশ্য থাকে। আমাদের কাজ হচ্ছে লোকদের ঈশ্বরের পরিকল্পনা শিক্ষা দিতে এবং তাঁর ওপর আস্থা রাখতে সাহায্য করা।

**মার্ক ১০ঃ৪৬-৫২** পদে খুঁজে দেখুন ...

- বর্‌তীময়ের কষ্টভোগ কত মারাত্মক ছিল।
- যীশু লোকদের জন্য কি করতে পারেন বলে বর্‌তীময় বিশ্বাস করতেন।
- বর্‌তীময়ের অনুরোধ কি ছিল।
- বর্‌তীময়ের মধ্যে যীশু কি দেখেছিলেন, যার ফলে তিনি তাঁর ইচ্ছা অনুমোদন করেছিলেন।

**যোহন ৯** অধ্যায়ে খুঁজে দেখুন ...

- লোকটিকে জন্মান্ধ থাকতে দেওয়ার ঈশ্বরের উদ্দেশ্য কি ছিল। (১-৩ পদ)
- সুস্থ হওয়ার জন্য অন্ধ লোকটিকে কি করতে হয়েছিল। (৬-১১)
- যীশু অন্ধ লোকটিকে তাঁর সম্পর্কে কি বিশ্বাস করাতে চেয়েছিলেন। (৩৫-৩৮)
- যারা যীশুকে বিশ্বাস করতে প্রত্যাখান করেছিল তাদের সম্পর্কে ঈশ্বরের কি উদ্দেশ্য ছিল। (৩৯-৪১)

**ইব্রীয় ১২ঃ৫-১৪** পদে খুঁজে দেখুন ...

- যে বিশ্বাসীরা ক্লেশভোগ করেন ঈশ্বর তাদের ওপর কিরূপ দৃষ্টি স্থাপন করেন। (৫-৮ পদ)
- আমাদের দুঃখভোগের থেকে ঈশ্বর কি মঙ্গল বিষয় আনতে চান (৯-১১ পদ)।
- আমাদের আচরণ যদি অসরল হয়, তবে আমাদের কি ধরনের উদ্যোগ গ্রহন করা উচিৎ (১৩ পদ)।
- আমরা যদি অন্যদের সঙ্গে খারাপ ব্যবহার করি, তবে আমাদের কি ধরনের উদ্যোগ গ্রহন করতে হবে (১৪ পদ)।

**যাকোব ৫ঃ১৩-২০** পদে খুঁজে দেখুন ...

- ক্লেশের সময় বিশ্বাসীদের কি করা উচিৎ। (১৩ পদ)।
- বিশ্বাসীরা যখন অসুস্থ হয়ে যায় তখন তাদের কি করা উচিৎ। (১৪)
- অসুস্থ বিশ্বাসীদের জন্য উপাসকমণ্ডলীর নেতাদের কি করা উচিৎ। (১৪)
- অসুস্থ বিশ্বাসীরা যদি পাপ করে থাকেন, তবে তাদের অবশ্যই কি করতে হবে। (১৫)
- কি ধরনের প্রার্থনা অসুস্থ বিশ্বাসীদের ভাল করতে পারে। (১৫)
- একজন পাপী যখন সত্যের প্রতি ফিরে আসে, তখন কি ঘটে (১৯-২০)।

**২. আগামী সপ্তাহের কার্যকলাপের বিষয় সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।**

আপনি যখনই কোন ঘর পরিদর্শন করবেন এবং সেখানে কোন অসুস্থ ব্যক্তি দেখতে পাবেন, তখনই ঈশ্বরের করুণা এবং শক্তির সাক্ষ্য হিসাবে তাঁকে সুস্থ করার জন্য প্রার্থনা করুন। মণ্ডলীর প্রতিটি নেতা যখনই কোন অসুস্থ বিশ্বাসীর ঘরে যাবেন, তখনই সেই ব্যক্তির তৈল অভিষেকের জন্য তাদের উচিৎ সঙ্গে তেলের বোতল রাখা।

আপনার দলের অসুস্থ ও ক্লেশভোগকারী বিশ্বাসীদের কাছে যান, তাদের পরামর্শ দিন, তারপর তাদের জন্য প্রার্থনা করুন।

## আরোগ্য দানের জন্য নির্দেশাবলী

আপনি যখন কোন অসুস্থ বা দুঃখভোগকারী ব্যক্তির জন্য প্রার্থনা করতে যাবেন তখন আপনার সাহায্যের জন্য এখানে কিছু নির্দেশাবলী দেওয়া হয়েছে।

ক) যতক্ষণ না আপনি সেই অসুস্থ ব্যক্তির জন্য প্রার্থনা করছেন, ততক্ষণ, কোন খাদ্য, পানীয় বা অন্য কোন কাজের জন্য বিরত হবেন না।

খ) অসুস্থ ব্যক্তির ব্যবহার, সম্পর্ক এবং ধর্মীয় রীতিনীতি পালকের বিষয় জানার জন্য সেই অসুস্থ ব্যক্তির সাথে এবং তার পরিবাবের লোকদের সঙ্গে কথা বলুন। এটা আপনাকেশারীরিক অসুস্থতার আত্মিক কারণ বুঝতে সাহায্য করবে।

গ) এই অসুস্থতার কারণ কি, সেই বিষয় পবিত্র আত্মা কি বলছেন এবং ঈশ্বর সেই অসুস্থ ব্যক্তির জন্য কি করতে চান সেই বিষয়ে শ্রবণ করুন।

ঘ) অসুস্থ ব্যক্তির কাছে ব্যাখ্যা করুন যে তিনরকমের অসুস্থতা আছেঃ

- বিচারের জন্য অসুস্থতা, কারণ আমাদের ব্যবহার অথবা সম্পর্ক প্রভুকে অসুন্তুষ্ট করেছে।
- মৃত্যুর জন্য অসুস্থতা, কারণ আমাদের প্রভুর সঙ্গে থাকার জন্য যাওয়ার সময় হয়েছে।
- ঈশ্বরের গৌরবের জন্য অসুস্থতা, কারন তিনি আরোগ্যের মাধ্যমে তাঁর পরাক্রমী শক্তি দেখাতে চান।

ঙ) অসুস্থ ব্যক্তিকে, পরিবারকে এবং পরস্পরকে তাদের পাপ স্বীকার করার সুযোগ দিন। যদি কেউ তার পাপ স্বীকার করেন, তাকে বলুন যে ঈশ্বর তাঁর পাপ ক্ষমা করেছেন।

চ) আপনি যদি অসুস্থতার কারণ জানতে পারেন, তবে কিভাবে ধার্মিকতাপূর্ণ ব্যবহার করতে হবে এবং কিভাবে অন্যদের সঙ্গে সম্পর্কের উন্নতি করতে হবে, সেই বিষয়ে তাকে পরামর্শ দিন।

ছ) অসুস্থ ব্যক্তিটির জন্য প্রার্থনা করুন। আপনি যদি অনুভব করেন যে ঈশ্বর সেই অসুস্থ ব্যক্তিকে সুস্থ করতে চান, তবে সেই ব্যক্তিকে তৈল অভিষিক্ত করুন এবং ঈশ্বরের কাছে তার আরোগ্য যাচ্ঞা করুন। (কেবলমাত্র চিকিৎসকের জন্য বা ওষুধের জন্য আরোগ্য যাচ্ঞা করুন। আপনার যদি মনে হয় যে ঈশ্বর সেই সময় আরোগ্য করতে চান না, তবে প্রার্থনা করুন ঈশ্বর যেন সেই অসুস্থ ব্যক্তিকেবিশ্বাস, ধৈর্য্য ও আনন্দ দ্বারা আশীর্ব্বাদ করেন।

৩. **আগামী আরাধনার সময়ের জন্য আপনার সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।**

**ব্যাখ্যা ঃ** ঈশ্বর কিভাবে যীশুর নামে অসুস্থদের সুস্থ করতে পারেন, সেই বিষয়ে আপনার উপলব্ধি ব্যাখ্যা করুন।

লূক ১৭ঃ১১-১৯ অনুচ্ছেদটি থেকে ১০টি কুষ্ঠীর বিষয় পাঠ করুন।



**যীশু ১০ জন কুষ্ঠীকে সুস্থ করেছিলেন। একমাত্র একজন ধন্যবাদ জানাতে ফিরে এসেছিলেন।**

বিশ্বাসীরা সম্প্রতি যে সকল আরোগ্য দেখেছেন সেই বিষয়ে বিশ্বাসীদের ধন্যবাদ ও সাক্ষ্য দিতে দিন।

শিশুদের নাটক, কবিতা অথবা যে প্রশ্নগুলো তারা প্রস্তুত করেছে, তা উপস্থাপন করতে দিন।

প্রভুর ভোজের বিষয়টি সম্পাদনের জন্য যাত্রা পুস্তক ১৬ অধ্যায় থেকে ঈশ্বর কর্তৃক ইস্রায়েলীয়দের কাছে অলৌকিকভাবে প্রদত্ত মান্নার ঘটনাটি পাঠ অথবা গল্প বলুন।

ব্যাখ্যা করুন যীশু স্বর্গ থেকে আগত প্রকৃত রুটি এবং যখন আমরা বিশ্বাসে প্রভুর পবিত্র ভোজ করি তখন আমরা তার জীবনদায়ী শক্তি উপভোগ করি।

**মুখস্থ পদ ঃ** ১ পিতর ২ঃ২৪

ক্ষুদ্র ক্ষুদ্র দল গঠন করুন এবং বিশ্বাসীদের পরস্পরকে উৎসাহ দিতে দিন এবং প্রার্থনা করতে দিন।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net